## ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায়

## ঢাকা ইয়েস এর তথ্য ও সহযোগিতা প্রদান

**ঢাকা, ২১ অক্টোবর ২০১১:** ঢাকা ইয়েস গ্রবপের সদস্যবৃন্দ হেল্প ডেস্ক গঠনের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১১-২০১২ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার্থীদের তথ্য দিয়ে সহায়তা করেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ‘খ’ ইউনিটের ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও পরীক্ষার্থীদেরকে আসন সংক্রান্ত তথ্য জানাতে এ উদ্যোগ গ্রহণ করেছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল (টিআইবি) এর সহায়তায় পরিচালিত ইয়েস গ্রবপের সদস্যবৃন্দ।

২১ অক্টোবর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ‘খ’ ইউনিটের ভর্তি পরীক্ষায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে গঠিত ৫টি ইয়েস গ্রবপ– সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট, রোকেয়া হল, বাংলাদেশ কুয়েত মৈত্রী হল, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট এবং বেগম ফজিলাতুন্নেছা মুজিব হলের ইয়েস সদস্যবৃন্দ বিশ্ববিদ্যালয়ের কলা ভবন, কার্জন হল, আইন ভবন, ব্যবসায় অনুষদ, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট এই ৬টি স্থানে এই হেল্প ডেস্ক কার্যক্রমটি পরিচালনা করে।

উলেৰখ্য, সারা দেশে টিআইবি’র প্রায় ৪০০০ তরবণ ইয়েস সদস্য বছরব্যাপি বিভিন্ন গণসচেতনতামূলক কর্মসূচি পরিচালনা করে আসছে। তারই অংশ হিসেবে এ বছরও ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীৰার্থীদের আসন সংক্রান্ত তথ্য প্রদান কর্মসূচীটি পালন করা হয়েছে।

**গণমাধ্যম যোগাযোগঃ**

রিজওয়ান–উল–আলম
পরিচালক
আউটরিচ অ্যান্ড কমিউনিকেশন
০১৭১৩০৬৫০১২
ই–মেইলঃ rezwan@ti-bangladesh.org